# পাসপোর্ট টু সাকসেস

## পিতামাতা এবং কেয়ারারদের জন্য তথ্য পত্র

### আপনার শিশুকে একটি গবেষণা অধ্যয়নে অংশ নিতে আমন্ত্রণ জানানো হচ্ছে।

তারা অংশ নেবে কিনা আপনি সেই সিদ্ধান্ত নেওয়ার আগে, আপনার পক্ষে এটি জানা গুরুত্বপূর্ণ যে গবেষণা কেন করা হচ্ছে এবং এর মধ্যে কী কী যুক্ত আছে। অনুগ্রহ করে নিচে দেওয়া তথ্য যত্নসহকারে পড়ুন। যদি কোনকিছু অস্পষ্ট থাকে বা আপনি আরও তথ্য চান, দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন (নিচে 'আরও তথ্য' বিভাগ দেখুন)। এটি পড়তে সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

### গবেষণা সম্পর্কে

গবেষণা পরিচালনা কে করবেন

ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়, ম্যানচেস্টার ইনস্টিটিউট অফ এডুকেশন, প্রফেসর নিল হামফ্রে এবং পামেলা কোয়ালটার অধ্যয়নের নেতৃত্ব দিচ্ছেন।

গবেষণাটির উদ্দেশ্য কী?

আপনার সন্তানের স্কুল পাসপোর্ট সংক্রান্ত একটি প্রোজেক্টে যুক্ত আছে। পাসপোর্ট হল এমন একটি প্রোগ্রাম যার লক্ষ্য হল, এমন দক্ষতা শেখানোর মাধ্যমে শিশুদের কঠিন সময়ের সাথে লড়াই করতে সাহায্য করা যা শিশুদের কল্যাণের বিষয়টি উন্নত হবে। পাসপোর্ট কোনও পার্থক্য গড়ে তুলছে কিনা তা আমরা পরীক্ষা করে দেখবো।

কাকে অংশ নিতে বলা হচ্ছে?

আপনাকে লেখার কারণ হল, আপনার সন্তানের স্কুল পাসপোর্ট টু সাকসেস প্রোজেক্টে অংশগ্রহণ করছে। 2023/24 শিক্ষাবর্ষ চলাকালীন (a) 5 **বছর** বয়সীদের শিশুদের পাসপোর্ট লেসন শেখানোর জন্য স্কুলগুলি এলোপাথাড়িভাবে বেছে নেওয়া হবে (পাসপোর্ট স্কুল) অথবা (b) সাধারণভাবে চালিয়ে যাওয়া (তুলনামূলক স্কুল)। আমরা পাসপোর্ট ও তুলনামূলক উভয় ধরনের স্কুল থেকে ডেটা সংগ্রহ করব। এই অধ্যয়নে অংশগ্রহণ করার জন্য আপনার সন্তানের স্কুল সাইন-আপ করেছে, যেখানে ছোট বাচ্চারা বছরে একবার অনলাইন সমীক্ষা সম্পূর্ণ করবে:

| সমীক্ষা সম্পূর্ণ হয়েছে | | |
|---|---|---|
| 2023 (সময় 0) | 2024 (সময় 1) | 2025 (সময় 2) |
| ইয়ার 4 এর শেষে | ইয়ার 5 এর শেষে | ইয়ার 6 এর শেষে |

এইসব তিন বার সমীক্ষাটি সম্পূর্ণ করতে আমরা আপনার সন্তানের জন্য অনুমতি দেওয়ার অনুরোধ করছি।

গবেষণাটি কি প্রকাশ করা হবে?

আমরা অ্যাকাডেমিক জার্নাল, ব্লগ, কনফারেন্স প্রেজেন্টেশন, ডক্টরাল স্টুডেন্ট থিসিস এবং ওয়েবসাইটে সামারি রিপোর্ট এবং সোশ্যাল মিডিয়ায় আমাদের ফলাফল প্রকাশ করব। অংশগ্রহণকারী স্কুলগুলি ফিডব্যাক রিপোর্টের সারসংক্ষেপ পাবে। প্রকল্পের ডেটাসেটটি জনসাধারণের জন্যও উপলভ্য করা হবে। এর অর্থ হল অন্যান্য গবেষণাকারীরা শিশুদের কল্যাণের বিষয়ে তাদের নিজস্ব প্রশ্নের উত্তর দেওয়ার জন্য এই ডেটা ব্যবহার করতে পারবেন। প্রোজেক্ট ডেটাসেটে হাজার হাজার উত্তর অন্তর্ভুক্ত থাকবে এবং কোনও শিশুকে আলাদাভাবে শনাক্ত করা যাবে না। উপরে সবকিছুর মধ্যে, উত্তরের সাথে আপনার সন্তানের **পরিচয় গোপন রাখা** হবে।



MANCHESTER 1824
The University of Manchester

ডিসক্লোজার অ্যান্ড ব্যারিং সার্ভিস (DBS) চেক

গবেষণা টিমের সদস্যদের প্রত্যেকে একটি ডিসক্লোজার এবং ব্যারিং সার্ভিস চেকের মধ্যে দিয়ে যেতে হবে। এর অর্থ হল, তাদের কাজ করার এবং শিশুদের সাথে গবেষণা করার অনুমতি আছে।

কে গবেষণা প্রকল্প পর্যালোচনা করেছেন?

প্রোজেক্টটি ইউনিভার্সিটি অফ ম্যানচেস্টারের গবেষণা সংক্রান্ত নীতি কমিটি এবং অর্থপ্রদানকারীদের দ্বারা পর্যালোচনা ও অনুমোদন করা হয়েছে (রেফারেন্স: 2022-14050-24401)।

এই গবেষণায় অর্থায়ন কে করছে?

প্রোজেক্টটির জন্য কাভলি ট্রাস্ট অর্থপ্রদান করেছে, এটি হল একটি দাতব্য সংস্থা এবং এটি সম্পূর্ণ মালিকানা কাভলি গ্রুপের হাতে রয়েছে।

## আমার সন্তানের কী ধরণের অংশগ্রহণ হবে?

আপনার সন্তানকে একটি সমীক্ষা সম্পূর্ণ করতে বলা হবে, যেটি করতে বেশিরভাগ শিশুর 20 মিনিটের বেশি সময় লাগবে না। এটি স্কুলে অনলাইনে করা হবে। তারা 4, 5 এবং 6 বছরের শেষে, বছরে একবার করে এটি করবেন।

এই সমীক্ষা সম্পূর্ণ করার ক্ষেত্রে কোনও উল্লেখযোগ্য ঝুঁকি বা অসুবিধা যুক্ত নেই। তবে, আমরা আপনার সন্তানকে সহায়তা পাওয়ার উৎস সম্পর্কে জানাবো, কোনও প্রশ্নের কারণে তারা দুঃখ পেলে, চিন্তিত বা বিষণ্ন হয়ে পড়ার মতো অপ্রীতিকর ঘটনার ক্ষেত্রে তারা সেখান (যেমন অভিভাবক/কেয়ারার, চাইল্ডলাইন, স্কুলের কর্মী সদস্য) থেকে সহায়তা চাইতে পারবে। অংশগ্রহণ করার জন্য কোনও সুবিধা পাওয়ার গ্যারান্টি নেই, তবে আমাদের অন্যান্য কাজগুলি থেকে দেখা গেছে যে কল্যাণ সংক্রান্ত সমীক্ষা সম্পূর্ণ করলে তা বেশ কিছু শিশুকে তাদের জীবনযাত্রা তুলে ধরতে সাহায্য করতে পারে।

অংশ নেওয়ার জন্য আমাকে বা আমার সন্তানকে কি ক্ষতিপূরণ দেওয়া হবে (যেমন, টাকা বা ভাউচার পাওয়া যাবে)?

অংশগ্রহণকারীদের জন্য কোনও প্রতিদান নাই।

আমি যদি আমার সন্তানের অংশ নেওয়া না চাই বা আমার মন পরিবর্তন করি তবে কী হবে?

আপনি আপনার সন্তান অংশ নিক চান কিনা সেই সিদ্ধান্ত নেওয়া আপনার উপর। আপনি আপত্তি না জানালে, আপনার সন্তানকেও জিজ্ঞাসা করা হবে যে সে অংশগ্রহণ করতে চায় কিনা। আপনারা উভয়ই যে কোনও সময় পিছিয়ে আসতে পারেন, কোনও কারণ দর্শানো ছাড়াই। যদি আপনার শিশুর অংশ নেওয়ার পরে, আপনি সিদ্ধান্ত নেন যে আপনি চান তাদের সার্ভের উত্তরগুলি সরিয়ে ফেলতে, আপনি রেকর্ডটি মুছে ফেলতে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন। তবে, আপনার সন্তানের ডেটা থেকে পরিচয় মুছে ফেলার পরে সেই ডেটা সরিয়ে ফেলা সম্ভব হবে না, কারণ আমরা তার নির্দিষ্ট উত্তরগুলি শনাক্ত করতে পারব না। আমরা আশা করি যে এটি 2026 সালের শেষ নাগাদ ঘটবে, তারপরে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য নিরাপদে ধ্বংস করা হবে।

এটি আপনার ডেটা সুরক্ষা অধিকারগুলিকে প্রভাবিত করে না। যদি আপনি সিদ্ধান্ত নেন যে আপনি চান **না** আপনার সন্তান অংশ নিক, তবে দয়া করে এই শীটটির শেষে সংক্ষিপ্ত 'অপ্ট আউট 'ফর্মটি পূরণ করুন এবং নির্দিষ্ট তারিখের মধ্যে FREEPOST ব্যবহার করে আমাদের কাছে এটি ফিরিয়ে দিন। আপনি যদি পছন্দ করেন তবে আপনি অপ্ট-আউট ফর্মটিতে প্রদত্ত তথ্য ব্যবহার করে আমাদের **টেলিফোন** বা **ইমেইল** করতে পারেন।

## ডেটা সুরক্ষা এবং গোপনীয়তা

আপনারা আমার সন্তান সম্পর্কে কোন তথ্য সংগ্রহ করবেন?

আপনার সন্তানের এই সার্ভে তে অংশ নেয়ার জন্য আমাদের এমন তথ্য সংগ্রহ করতে হবে যা তাদের সনাক্ত করতে পারে, একে "ব্যক্তিগত সনাক্তকরণযোগ্য তথ্য" বলা হয়। আমাদের সংগ্রহ করতে হবে:

- নামের প্রথম অংশ, নামের শেষ অংশ
- জাতিগত পরিচয়
- অনন্য শিক্ষার্থী নম্বর
- ইয়ার গ্রুপ
- লিঙ্গ
- তাদের বিশেষ শিক্ষার প্রয়োজন আছে বলে শনাক্ত করা হয়েছে কিনা
- তারা বিনামূল্যের স্কুলের খাবার পাওয়ার যোগ্য কিনা

এইসব তথ্য আপনার সন্তানের **স্কুল** প্রদান করবে।

আপনার সন্তান যে **সমীক্ষা** সম্পূর্ণ করবেন তার মধ্যে তাদের এইসব বিষয় সম্পর্কে প্রশ্ন করা হবে:

- সামগ্রিক কল্যাণ
- কঠিন আবেগ (যেমন, দুঃখ, চিন্তা)
- কঠিন আবেগ কাটিয়ে ওঠা
- একাকীত্ব
- হয়রানি
- বন্ধুদের থেকে সহায়তা পাওয়া
- জীবনের গুণমান

আপনার সন্তানের স্কুল যেসব তথ্য প্রদান করবে সেগুলি আমরা তাদের সমীক্ষার উত্তরের সাথে লিঙ্ক করব। ভবিষ্যতে, আমরা **ন্যাশনাল পিউপিল ডেটাবেসে**, আপনার সন্তান সম্পর্কিত আমাদের প্রোজেক্ট ডেটার সাথে তার অ্যাকাডেমিক সাফল্য সংক্রান্ত ডেটা লিঙ্ক করব।

কিভাবে ডেটা লিঙ্ক করা হবে এবং কেন এটি উপকারী?

আমরা ন্যাশনাল পিউপিল ডেটাবেসে সুরক্ষিতভাবে আপনার সন্তানের ডেটা প্রদান করব (যেমন, নাম, পদবি, অনন্য পিউপিল নম্বর), যাতে তাদের কাছে আপনার অ্যাকাডেমিক সাফল্য সংক্রান্ত যেসব তথ্য আছে তারা সাথে এগুলি মেলাতে পারেন। পাসপোর্ট প্রোগ্রাম শিশুর অ্যাকাডেমিক সাফল্য উন্নত করছে কিনা তা পরীক্ষা করতে আমাদের প্রোজেক্ট ডেটা এইভাবে আমাদেরকে সাহায্য করে।

আপনি কোন আইনি ভিত্তিতে এই তথ্য সংগ্রহ করছেন?

আমরা যুক্তরাজ্যের ডেটা সুরক্ষা আইন অনুসারে ব্যক্তিগত সনাক্তযোগ্য তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ করছি। এগুলি ব্যক্ত করে যে আপনার ডেটা সংগ্রহ করার জন্য আমাদের কাছে একটি আইনি ভিত্তি (নির্দিষ্ট কারণ) থাকতে হবে। আপনার ডেটা প্রক্রিয়াকরণের জন্য আমরা যে সাধারণ ডেটা সুরক্ষা প্রবিধান (GDPR)-এর আইনগত ভিত্তিগুলির উপর নির্ভর করি তা হল জনস্বার্থ (ধারা 6 (1)(e)) এবং বিশেষ বিভাগ ডেটা (জাতিগত) গবেষণার উদ্দেশ্যে (ধারা 9(2)(j) ) তফসিল 1 পার্ট 1 (4) DPA 2018 এর উপর নির্ভর করে। এর অর্থ হল যে, আমরা জনস্বার্থে গবেষণা পরিচালনা করতে আপনার সন্তানের ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া করি; এই ক্ষেত্রে এটি শিশুর কল্যাণের উন্নতির উপায়গুলির উপর গবেষণা চালাতে হবে, যা ভবিষ্যতের শিক্ষা প্রবিধান সম্পর্কে অবহিত করবে।

আপনার যেসব তথ্য সংগ্রহ করবেন সেগুলির ক্ষেত্রে আমার সন্তানের কী অধিকার থাকবে?

আপনার সন্তানের ব্যক্তিগত তথ্যের রেফারেন্স সহ ডেটা সুরক্ষা আইনের অধীনে অধিকার সুরক্ষিত থাকবে। যেমন, আমাদের কাছে তাদের যেসব তথ্য আছে তারা সেগুলির কপি চাইতে পারে। আপনি এইসব অধিকার বা আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য আমরা কীভাবে ব্যবহার করি সেই সম্পর্কে আরও জানতে চাইলে, অনুগ্রহ করে আমাদের গবেষণার জন্য **গোপনীয়তা সংক্রান্ত বিজ্ঞপ্তি বিভাগের** সাথে যোগাযোগ করুন: https://documents.manchester.ac.uk/display.aspx?DocID=37095

এই সার্ভেতে আমার সন্তানের অংশগ্রহণ কি গোপনীয় থাকবে? তাদের ব্যক্তিগত সনাক্তযোগ্য তথ্য কি সুরক্ষিত থাকবে?

ডেটা সুরক্ষা আইন অনুযায়ী, দ্য ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার এই প্রকল্পের জন্য ডেটা কন্ট্রোলার। এর মানে হল যে আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত, গোপনীয় রাখা হয়েছে এবং শুধুমাত্র আপনাকে যেভাবে বলা হয়েছে সেভাবে ব্যবহার করা হবে তা নিশ্চিত করার জন্য আমরা দায়বদ্ধ। ডেটা দায়িত্ব সহকারে কীভাবে ব্যবহার করতে হয় সেই বিষয়ে সব গবেষণাকারীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং কাজের শেষের নিম্নলিখিত উপায়ে আপনার ডেটার দেখাশোনা করা হবে:

- সকল তথ্য কঠোরভাবে গোপনীয়তা বজায় রেখে পরিচালনা করা হবে। শুধুমাত্র গবেষণা দলের নাম উল্লেখ করা সদস্যরা (সব ম্যানচেস্টারে অবস্থিত) শনাক্তযোগ্য ডেটা* অ্যাক্সেস করতে পারবেন, যেখানে ডেটা লিঙ্কেজ চালু করতে ন্যাশনাল পিউপিল ডেটাবেসে নিরাপদে প্রদান করা হয়েছে সেখানে এর ব্যক্তিক্রম হতে পারে (উপরে দেখুন)।
- গবেষণা দলটি উপরে বর্ণিত পদ্ধতিতে ডেটা লিঙ্ক করতে সনাক্তকারী তথ্য ব্যবহার করার পরে, ডেটাসেটকে বেনামী করা হবে। উপরে যেভাবে উল্লেখ করা হয়েছে সেই অনুসারে, আমরা আশা করি এটি 2026 সালের শেষ নাগাদ ঘটবে।
- সমীক্ষার সমস্ত ডেটা একটি সুরক্ষিত, এনক্রিপ্ট করা এবং পাসওয়ার্ড-সুরক্ষিত ড্রাইভে সংরক্ষণ করা হবে যা শুধুমাত্র গবেষণা দলের নাম উল্লেখ করা সদস্যরা অ্যাক্সেস করতে পারবেন।

- সাধারণ ডেটা সুরক্ষা বিধি (জিডিপিআর) আইন অনুসারে সমস্ত ডেটা প্রক্রিয়া করা হবে।
- আপনি যদি আপনার সন্তানের এই গবেষণায় অংশ নেওয়ার সিদ্ধান্তের সাথে সম্মত হন এবং আপত্তি না করেন, তাহলে তাদের শনাক্ত করা যায় না এমন তথ্য অন্যান্য গবেষক এবং সংস্থার সাথে শেয়ার করা হবে। ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ের গবেষণা গোপনীয়তা বিজ্ঞপ্তি (উপরের লিঙ্কটি দেখুন) অনুসারে অতিরিক্ত গবেষণায় সহায়তা করার জন্য এটি করা হয়। যেমনটি ইতিমধ্যে উল্লেখ করা হয়েছে, এই তথ্য সম্পূর্ণ বেনামে থাকবে।

* দয়া করে নোট করুন যে ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয় বা অন্যান্য কর্তৃপক্ষের ব্যক্তিরা এই গবেষণাটি প্রকল্পটির পরিকল্পনা অনুযায়ী কার্যকর হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য এই অধ্যয়নের জন্য সংগৃহীত ডেটাগুলি দেখার প্রয়োজন হতে পারে। এর মধ্যে শনাক্তযোগ্য ডেটা দেখা অন্তর্ভুক্ত থাকতে পারে। একজন অংশগ্রহণকারী হিসেবে আপনার/আপনার সন্তানের গোপনীয়তা রক্ষা করার কঠোর দায়িত্ব, অধ্যয়ন নিরীক্ষণের সাথে জড়িত সমস্ত ব্যক্তিদের থাকবে। এছাড়াও, উপরে যেভাবে উল্লেখ করা হয়েছে, সেই অনুসারে ন্যাশনাল পিউপিল ডেটাবেসের সাথে আমাদের কিছু শনাক্তকরণযোগ্য ডেটাও শেয়ার করতে হবে এবং অবশেষে **অফিস ফর ন্যাশনাল স্ট্যাটিস্টিক্সের** সাথে আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত রেকর্ড শেয়ার করতে হবে।

## আমার যদি কোন অভিযোগ থাকে তবে কী হবে?

আপনার কোনও অভিযোগ থাকলে গবেষণা দলের সদস্যদের সাথে কথা বলুন। অনুগ্রহ করে প্রোজেক্ট লিডের সাথে যোগাযোগ করুন:

- Professor Pamela Qualter

Ellen Wilkinson Building, Manchester Institute of Education, The University of Manchester, Oxford Road, Manchester M13 9PL

ইমেইল: pamela.qualter@manchester.ac.uk

আপনি যদি গবেষণা দলের বাইরের কাউকে আনুষ্ঠানিকভাবে অভিযোগ করতে চান বা আপনি যদি প্রথমবারই গবেষকদের কাছ থেকে প্রাপ্ত সাড়া নিয়ে সন্তুষ্ট না হন তবে দয়া করে যোগাযোগ করুন:

- The Research Ethics Manager

Research Office, Christie Building, The University of Manchester, Oxford Road, Manchester, M13 9PL

ইমেইল: research.complaints@manchester.ac.uk

টেলিফোন: 0161 306 8089

আপনি যদি আপনার সন্তানের ডেটা সুরক্ষা অধিকার সম্পর্কে আমাদের সাথে যোগাযোগ করতে চান তবে দয়া করে dataprotection@manchester.ac.uk তে ইমেইল করুন বা The Information Governance Office, Christie Building, The University of Manchester, Oxford Road, M13 9PL তে লিখুন এবং আমরা আপনার অধিকার সম্পাদন প্রক্রিয়ার মাধ্যমে আপনাকে গাইড করব।

আপনার সন্তানের ব্যক্তিগত সনাক্তযোগ্য তথ্য সম্পর্কিত অভিযোগ ইনফরমেশন কমিশনারের অফিসে করারও আপনার অধিকার রয়েছে:

Online: https://ico.org.uk/make-a-complaint/

টেলিফোন: 0303 123 1113

## আরও তথ্য

আপনার কোনও প্রশ্ন থাকলে, আপনি আমাদের passport@manchester.ac.uk ইমেইল আইডিতে ইমেইল করতে বা 01612758512 নম্বরে কল করতে পারেন।

## এই তথ্য শীটটি পড়তে সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

## আপনার সন্তানের এই গবেষণার অংশ হওয়ার জন্য সম্মত হওয়া

- আমরা আশা করি আপনি আপনার সন্তানকে এই গবেষণায় অংশ নিতে অনুমতি দেবেন।
- অনুমতি প্রদানের ক্ষেত্রে, আপনি আপনার সন্তানের জন্য 'পাসপোর্ট ফর সাকসেস' সমীক্ষা সম্পূর্ণ করতে সম্মত হচ্ছেন, তাদের সমীক্ষার ডেটা তাদের ব্যাকগ্রাউন্ড তথ্য এবং ভবিষ্যতে তাদের সম্পর্কে থাকা অন্যান্য তথ্যের সাথে তাদের ডেটা লিঙ্ক করার জন্যও সম্মত হচ্ছেন (উপরে'ডেটা সুরক্ষা এবং গোপনীয়তা'-এ উল্লেখ করা হয়েছে)।
- আপনি অনুমতি না দিলে, **আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব নিচের ফর্মটি ফেরত দিতে হবে (অথবা ফর্মটিতে দেওয়া তথ্য ব্যবহার করে আমাদের ইমেইল বা টেলিফোন করতে হবে) তবে** 27 **মার্চের** আগেই এটি করতে হবে
- অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিলে কোনোভাবেই আপনার বা আপনার সন্তানের ক্ষতি হবে না।
- এটি সমস্ত বাচ্চাদের স্পষ্ট করে দেওয়া হবে যে তারা অংশ নেবে কিনা সেটি তাদের উপর নির্ভর করে। তাদের এটিও মনে করিয়ে দেওয়া হবে যে তারা উত্তর দিতে না চাইলে প্রশ্নগুলি এড়িয়ে যেতে পারে।

আপনি যদি আপনার সন্তানের অংশ নেওয়া **না চান** কেবল তবেই আপনাকে এই স্লিপটি সম্পূর্ণ করতে হবে এবং ফেরত দিতে হবে। অনুগ্রহ করে নিচে উল্লেখিত তথ্য passport@manchester.ac.uk **ইমেইল** আইডিতে ইমেইল করুন, 0161 275 8512 নম্বরে কল করুন অথবা 27 **মার্চের** মধ্যে নিম্নলিখিত ঠিকানায় **পোস্ট** করুন (ফ্রিপোস্ট, কোন স্ট্যাম্পের প্রয়োজন নেই):

FREEPOST RLYU-KAAB-AXRC
Joao Santos
Manchester Institute of Education
B4.10 Ellen Wilkinson Building
University of Manchester
Oxford Road
Manchester
M13 9PL

**আপনার কোনও স্ট্যাম্প অন্তর্ভুক্ত করার দরকার নেই।**

**আপনি যদি আপনার সন্তানের অংশ নেওয়াতে রাজি থাকেন তবে আপনার কিছুই করার প্রয়োজন নাই।**

প্রিয় প্যাম কোয়াল্টার এবং নিল হামফ্রে,

আমি, 'পাসপোর্ট টু সাকসেস' অধ্যয়নে অংশগ্রহণ করা থেকে আমার সন্তানের নাম প্রত্যাহার করতে চাই।

| | |
|---|---|
| **শিশুর নাম**: | |
| **শিশুর স্কুল**: | |
| **পিতামাতা/কেয়ারারের নাম**: | |
| **পিতামাতা/কেয়ারারের স্বাক্ষর**: | |
| **তারিখ**: | |



MANCHESTER 1824
The University of Manchester